খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(একাডেমিক শাখা-০১)



"বিজ্ঞপ্তি"

স্মারক নং খুবি/রেজি/একা-৯৭/৯৬- ২৫০ তারিখ: ০৯.০৯.২০২৬ খ্রি.

**বিষয়: ইউজিসি মেধাবৃত্তি-২০২৬ এর জন্য মনোনয়ন আহবান**

সূত্র: ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭, তারিখ: ২০ জুলাই ২০২৬ খ্রি. সংখ্যকপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক দেশের মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬( সংযুক্ত)-এর আওতায় দুটি পৃথক শ্রেণিতে (ক. সাধারণ মেধাবৃত্তি ও খ. প্রতিবন্ধী মেধাবৃত্তি) নিম্নলিখিত শর্ত অনুসরণপূর্বক মনোনয়ন আহবান করা হলো:

১) চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রি সম্পন্নকারী শিক্ষার্থী যারা মাস্টার্সে অধ্যয়নরত আছে এবং সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত প্রত্যেক স্কুল থেকে ১(এক) জন শিক্ষার্থী এক বছরের জন্য বৃত্তি প্রাপ্য হবে।

২) স্নাতক পর্যায়ে সিএসই, ইসিই, ফার্মেসী, এগ্রোটেকনোলজি, এফডব্লিউটি, এফএমআরটি ও এসডব্লিইই ডিসিপ্লিনের ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য থেকে ৩য় বর্ষের (একই শিক্ষাবর্ষের) সর্বোচ্চ ওয়াইজিপিএ প্রাপ্ত প্রত্যেক স্কুল থেকে ১(এক) জন শিক্ষার্থী এক বছরের জন্য বৃত্তি প্রাপ্য হবে। ওয়াইজিপিএ সমান হলে এইচ.এস.সি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচিত হবে।

৩) মাস্টার্সে অধ্যয়নরত মেধাবী প্রতিবন্ধী ০১ (এক) জন শিক্ষার্থী (দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করতে হবে) বৃত্তি প্রাপ্ত হবে।

প্রত্যেক স্কুলের সর্বোচ্চ মার্কসধারী ১ম স্থান অধিকারী বিবেচিত না হলে, ২য় স্থান অধিকারী বিবেচিত হবেন এবং অনুরূপভাবে ২য় স্থান অধিকারী বিবেচিত না হলে, ৩য় স্থান অর্জনকারী শিক্ষার্থীকে বিবেচনা করা যাবে। ২(দুই) জন মেধাবী প্রতিবন্ধীর নাম প্রেরণ করতে হবে।

বৃত্তি পেতে ইচ্ছুক শিক্ষার্থীরা সংযুক্ত তথ্যফরমটি নির্ভুলভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ১৬/০৯/২০২৬ তারিখের মধ্যে স্ব-স্ব ডিসিপ্লিন অফিসে জমা দিবে। ডিসিপ্লিন থেকে আগামী ২২/০৯/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ের একাডেমিক শাখা-০১ এ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ইউজিসি মেধাবৃত্তিসংক্রান্ত **আবেদন ফরম, তথ্যছক ও নীতিমালা কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্স** থেকে ডাউনলোড করা যাবে।

কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

০৯/০৯/২০২৬

(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং খুবি/রেজি/একা-৯৭/৯৬- ২৫০ তারিখ: ০৯.০৯.২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। ডীন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়
২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি
৩। প্রভোষ্ট, সকল হল, খুবি
৪। পরিচালক, আইসিটিসেল (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), খু.বি.
৫। উপাচার্য মহোদয়ের সচিব (উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খুবি
৬। উপ-উপাচার্য মহোদয়ের সচিব (উপ-উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খু.বি.
৭। ট্রেজারার মহোদয়ের সচিব (ট্রেজারার মহোদয়কে সদয় অবহিত করার অনুরোধসহ), খু.বি.
৮। সংশ্লিষ্ট নথি ৯। গার্ড ফাইল

০৯.০৯.২০২৬
(নাহিদ পারভীন)

শাখা প্রধান সংস্থা....../প্রশা./পরি./একা./এস্টেট/স্টোর/
পরিচালক: প.পু./অ.'হি/জ.ওপ্র./প.ও.উ/আইসিটি

প্র.প্রকৌ./প.নি./লিগ্যাল সেল/এপিএ/নিরাপত্তা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য মনোনয়ন আহবান।**

জনাব,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক দেশের মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬-এর আওতায় দুটি পৃথক শ্রেণিতে (ক. সাধারণ মেধাবৃত্তি ও খ. প্রতিবন্ধী মেধাবৃত্তি) প্রদানের বিধান রয়েছে।

তদপ্রেক্ষিতে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে প্রত্যেক অনুষদ (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী) হতে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত ১ (এক) জন করে এবং বিদ্যমান সকল ইনস্টিটিউট (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী)-এর মধ্যে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত হইতে ১ (এক) জন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে ২ (দুই) জন প্রতিবন্ধী শিক্ষার্থীর নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে, ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬ অনুসরণপূর্বক মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম Nikosh ফন্টে পূরণপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক সংযুক্ত করে শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকা সংবলিত অগ্রায়নপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখের মধ্যে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এই পত্র জারির পর কমিশন থেকে ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য আর কোনো মনোনয়ন আহবান করা হবে না। অধিকন্তু, বিশ্ববিদ্যালয়সমূহকে বর্ণিত নির্দেশনা মোতাবেক অগ্রায়নপত্র সংবলিত মনোনয়ন ফরমের হার্ডকপি যথাসময়ে প্রেরণ করতে হবে এবং উল্লিখিত তারিখের পর কোনো মনোনয়ন গ্রহণ করা হবে না। ইউজিসি মেধাবৃত্তিসংক্রান্ত **আবেদন ফরম, তথ্যছক** ও **নীতিমালা** কমিশনের ওয়েবসাইট (**www.ugc.gov.bd**)-এর **স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্স** থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া সংযুক্ত তথ্যছকে মেধাবৃত্তি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং বিশ্ববিদ্যালয়ের মেধাবৃত্তিসংক্রান্ত ব্যাংক হিসাব বিবরণী প্রেরণের অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিসমূহঃ

(১) আবেদন ফরম
(২) তথ্য ছক
(৩) ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Web: www.ugc.gov.bd


## ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী

এই নীতিমালায় বর্ণিত সকল বৃত্তি ইউজিসি মেধাবৃত্তি হিসাবে গণ্য হবে এবং তা ইউজিসি'র তহবিল হতে প্রদান করা হবে। দুইটি পৃথক ক্যাটাগরি ক্যাটাগরিতে এই বৃত্তি প্রদান করা হবে, (ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরি এবং (খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরি

(ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ থেকে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

২। জেনারেল ডিসিপ্লিনের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যারা মাস্টার্সে অধ্যয়নরত রয়েছেন, তাদেরকে এই বৃত্তি প্রদান করা হবে। তবে প্রকৌশল, কৃষি এবং চিকিৎসা ডিসিপ্লিনের ক্ষেত্রে কেবল মাত্র স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের ৬ষ্ঠ সেমিস্টার সম্পন্নকারী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা যাবে।

৩। বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ মার্কসধারী ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের বিবেচনা করা যাবে। এক্ষেত্রে ১ম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলে বিবেচিত না হন, তবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন এবং অনুরূপভাবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত না হলে ৩য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন।

৪। সিজিপিএ বা ফলাফল সমান হলে এইচ.এস.সি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করে বৃত্তি প্রদান করা যাবে।

৫। বৃত্তি হিসাবে প্রতি মাসে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ০১ (এক) বছরে ২,০০০X ১২ মাস= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রদান করা হবে এবং বই পুস্তক কেনার জন্য এককালীন ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হবে।

৬। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই বছরে একাধিক শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা যাবে না।

(খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর সর্বোচ্চ ০১ (এক) জন শিক্ষার্থী ০৪ (চার) বছর করে মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রতি বছর হিসাবে মোট ০৪ (চার) বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

২। স্নাতক পর্যায়ের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হবে।

(গ) যে সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষাতেই প্রথম বিভাগ/১ম শ্রেণীতে অথবা সমমানের ফলাফল করে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

(ঘ) গর্হিত আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকলে সেই শিক্ষার্থী এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে;

(ঙ) অনিয়মিত শিক্ষার্থী আছে এমন শিক্ষার্থী মনোনয়ন বিবেচনা যোগ্য নয়। তবে 'তা' অনধিক এক বৎসর হলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ বিবেচনা করে দেখতে পারেন;

(চ) ইউজিসি মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবেন।

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

## University Grants Commission of Bangladesh

ইউজিসি ভবন, প্লট নং ই ১৮/এ,আগারগাঁও, প্রশাসনিক এলাকা শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
Web: www.ugc.gov.bd

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

### ইউজিসি মেধাবৃত্তির জন্য মনোনয়ন ফরম

সত্যায়িত ফটোগ্রাফ

১। নাম ঃ

২। জন্ম তারিখ ঃ

৩। পিতার নাম ঃ

৪। স্থায়ী ঠিকানা ঃ

৫। বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর এবং ই-মেইল ঃ

৬। বিশ্ববিদ্যালয়ের নাম ঃ

৭। অনুষদের নাম ঃ

৮। যে বিষয়ে ও যে বর্ষে অধ্যয়নরত ঃ

৯। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম (সম্মান ও স্নাতকোত্তরের বিষয় উল্লেখসহ) | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | সন এবং ফল প্রকাশের তারিখ | পাশের বিভাগ/শ্রেণী (মেধাবৃত্তিক কোন স্থান থাকলে তার উলেল্লখসহ) | সর্বমোট পরীক্ষার নম্বর/সিজিপিএ | মোট প্রাপ্ত নম্বর ও শতকরা হার. | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

(উল্লেখিত পরীক্ষাগুলির প্রত্যেকটির জন্য স্ব স্ব বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত মার্কশীট এতদসঙ্গে সংযুক্ত করতে হবে)।

১০। যদি ছাত্র/ছাত্রী প্রকৌশল, কৃষি বা চিকিৎসা ক্ষেত্রে অধ্যয়নরত হয় তবে সে ক্ষেত্রে শেষ বর্ষের পূর্বের বর্ষের পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অন্যতম পরীক্ষা বলে বিবেচিত হবে কিনা ? ঃ

১১। বর্তমানে কোন বৃত্তি উপভোগ করলে তার বিবরণ ঃ

| বৃত্তির নাম | বৃত্তির হার | বৃত্তি প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থার নাম | বৃত্তির মেয়াদ, কোন তারিখ থেকে শুরু এবং কোন তারিখে শেষ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/২

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
ইউজিসি ভবন, প্লট নং ই ১৮/এ, আগারগাঁও, প্রশাসনিক এলাকা শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
Web: www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন




১২। ইউ.জি.সি. বৃত্তি পেলে ১১ কলামে উল্লেখিত বৃত্তি ত্যাগ করতে প্রস্তুত কি না ?

১৩। আমি অঙ্গীকার করছি যে, (১) উপরোক্ত তথ্যসমূহ সত্য (২) গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি (৩) ইউজিসি বৃত্তি গ্রহণের পর গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলে এ বৃত্তি উপভোগ করতে পারব না এবং (৪) এ বৃত্তির ব্যাপারে বর্তমানে প্রণীত ও ভবিষ্যতে প্রণীতব্য সকল নিয়ম কানুন মেনে চলব।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর (তারিখসহ)

১৪। বিভাগীয় প্রধানের মন্তব্য ঃ

বিভাগীয় প্রধানের স্বাক্ষর ঃ

তারিখ ঃ

সীল ঃ

উপরোলিখিত ছাত্র/ছাত্রী জনাব..........................................................................এর বিরুদ্ধে গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি। ইউ জি সি মেধাবৃত্তির জন্য তাকে এই বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন প্রদান করা হলো। তাঁর এসএসসি/এইচএসসি/স্নাতক (অনার্স) পর্যায়ে কোন 'ব্রেক অব ষ্টাডি' নেই/আছে (তা থাকলে কারণ আলাদা কাগজে উল্লেখ করতঃ তাতে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের স্বাক্ষরপূর্বক সংযুক্ত করতে হবে।)।

রেজিষ্ট্রারের স্বাক্ষর ঃ

তারিখ ঃ

সীল ঃ